

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর।
uwaokapasia@gmail.com

স্মারক নং: ৩২.০১.৩৩৩৬.০৩৬.০১২.০২.১৫.১৮-৩১

তারিখ: ১০/০৮/২০২৩

বিষয়: মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের নতুন ভাতাভোগী নির্বাচন প্রসঙ্গে।

সূত্র: মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং: ৩২.০১.০০০০.০১২.০২০.৬৮.২০-২৯১ তারিখ: ০১/০৮/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থবছরের নতুন ভাতাভোগী নিম্নোক্ত শর্তপূরণ সাপেক্ষে কাপাসিয়া উপজেলার ১১ (এগারো) টি ইউনিয়নের জন্য ইউনিয়নওয়ারী প্রতিমাসে ০৬ (ছয়) জন করে বরাদ্দ পাওয়া গেছে। জুলাই/২০২৩ মাস হতে নির্ধারিত ভাতাভোগী প্রতি মাসের ০১-২০ তারিখের মধ্যে নির্বাচন ও MIS এ ডাটা এন্ট্রি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।


উল্লেখ্য যে, ইউনিয়ন প্রতি মাসে শর্তপূরণ সাপেক্ষে গর্ভবতী মহিলা নিজে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে নির্ধারিত ৪০/- টাকা করে ফি প্রদানের বিনিময়ে অথবা উপজেলা তথ্য আপা/তথ্য সেবাসহকারীর নিকট বিনামূল্যে আবেদন করত পারবেন।

ভাতাভোগী নির্বাচনের শর্তাবলী:

- আবেদন কারীকে আবেদনের সময় ০৪-০৬ মাসের গর্ভবস্থায় থাকতে হবে(১ম অথবা ২য় গর্ভাবস্থা যে কোন একটি)।
- আবেদনকারী অবশ্যই ২০-৩৫ বছরের মধ্যে থাকতে হবে।
- এনআইডি কার্ড (জাতীয় পরিচয় পত্র) থাকতে হবে।
- স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা/পরিবার পরিকল্পনা দপ্তর প্রদত্ত এএনসি কার্ড থাকতে হবে।
- নিজস্ব মোবাইল ব্যাংকিং/এজেন্ট/অনলাইন ব্যাংকিং একাউন্টস থাকতে হবে।
- ইউনিয়নওয়ারী ০৬ (ছয়) জন করে প্রতি মাসের ০১-২০ তারিখের মধ্যে নির্ধারিত ব্যক্তি ভাতাভোগী নির্বাচন ও MIS এ ডাটা এন্ট্রি সম্পন্নপূর্বক প্রাথমিক তালিকা অনুমোদন করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান (সকল)
ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।


(মোসা: নাগিস আক্তার)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কাপাসিয়া, গাজীপুর।